



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
চট্টগ্রাম জেলা কার্যালয়
পরিবেশ ভবন, জাকির হোসেন রোড
ফয়েজলেক এলাকা, খুলশী, চট্টগ্রাম -৪২০২
www.doe.gov.bd

অবস্থানগত ছাড়পত্র

ছাড়পত্র নং: ২১-৫৮২৪৪


পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে অবস্থানগত ছাড়পত্র প্রদান করা হলো :

প্রতিষ্ঠান/প্রকল্পের নাম	: Development of Ramgarh Land Port
উদ্যোক্তার নাম	: Md. Sarwar Alam
সনাক্তকরণ নং	: ১১৫৬৬১
প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম	: Other
প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী	: Orange-B
প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা	Mouza: Ramgarh, J.L. No. 229, Upazila: Ramgarh, District: Khagrachari Hill District, Ramgarh, Khagrachari
প্রদানের তারিখ	: ২৩ মার্চ ২০২১ খ্রিঃ
মেয়াদ উত্তীর্ণের তারিখ	: ২২ মার্চ ২০২২ খ্রিঃ



এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।



অবস্থানগত ছাড়পত্র জন্য প্রযোজ্য শর্তাবলী:

- ১ . . প্রতিষ্ঠানের কর্মকাণ্ড ও প্রক্রিয়া দ্বারা কোনভাবে পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দ) দূষণ করা যাবে না।
- ২ . প্রকল্পের উৎপাদন বৃদ্ধি জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।
- ৩ . এ ছাড়পত্র স্থলবন্দর উন্নয়ন প্রকল্প এর ভূমি উন্নয়ন, অবকাঠামো ও যন্ত্রপাতি স্থাপন কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ৪ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) এর সকল বিধি-বিধান প্রতিপালন করতে হবে।
- ৫ . অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
- ৬ . আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়নপূর্বক পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে। পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে কারখানার পরীক্ষামূলক উৎপাদন বা বাণিজ্যিক উৎপাদনে যেতে পারবে না।
- ৭ . এ ছাড়পত্র দ্বারা নির্মাণ কাজ ও যন্ত্রপাতি স্থাপনের জন্য বিদ্যুৎ সংযোগ পাওয়া যাবে কিন্তু গ্যাস সংযোগের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
- ৮ . এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বছরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।
- ৯ . পরিবেশগত ছাড়পত্রের কপি প্রতিষ্ঠানটিতে সংরক্ষণ করতে হবে।
- ১০ . এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে প্রাসঙ্গিক কাগজপত্রসহ অন-লাইনে নবায়নের জন্য আবেদন করতে হবে।
- ১১ . দূষণ নিয়ন্ত্রণের স্বার্থে প্রযোজ্য অন্য কোন শর্ত প্রতিপালনে কর্তৃপক্ষ বাধ্য থাকবে।
- ১২ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতাবলে উপরোল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।
- ১৩ . প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরিবেশ দূষণসহ অন্য যেকোন অভিযোগ উত্থাপিত হলে ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থা (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণ করতে আপনার প্রতিষ্ঠান বাধ্য থাকবে।
- ১৪ . পরিবেশগত ছাড়পত্রের মূলকপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টীম, পরিদর্শক, পরিদর্শনের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ কারখানা পরিদর্শনকালে ছাড়পত্র/নবায়ন পত্র প্রদর্শন এবং প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শনে সহযোগিতা করতে হবে।
-
- ১৫ . প্রতিষ্ঠানের কার্যক্রম দ্বারা জনস্বার্থের ক্ষতি হলে তৎক্ষণাত ক্ষতিপূরণ দিতে হবে। দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর না থাকলে এবং এর ফলে পরিবেশ ও প্রতিবেশের ক্ষতি হলে Polluters Pay Principle অনুসারে ক্ষতিপূরণ ধার্য করা হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ক্ষতিপূরণ দিতে হবে।

উপরোক্ত অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কোনরূপ উদাসীনতা, শিথিলতা বা যেকোন শর্তের লংঘন পরিবেশ দূষণ সংশ্লিষ্টতায় জনস্বাস্থ্যের প্রতি হুমকি বিবেচনায় প্রদত্ত ছাড়পত্র বাতিলসহ তাঁর/তাঁর প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০), পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭, এবং শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ অনুসারে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।